গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৩/২০১৮-২০১৯

ঢাকা, মঙ্গলবার ১৯ ফেব্রুয়ারি ২০১৯, ০৭ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। গণমাধ্যম যেন মালিকের স্বার্থে ব্যবহার করা না হয় : রাষ্ট্রপতি
২। আমিরাতের প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্সের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক
বিনিয়োগ ও শ্রমবাজার খোলার আশ্বাস আমিরাতের
৩। সার ও গম আমদানিসহ সাত ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন
৪। কাঁচপুর থেকে মেঘনা ব্রিজ পর্যন্ত ধীরগতির যানবাহনের জন্য বাইলেন নির্মাণের পরিকল্পনা : সংসদে সতুমন্ত্রী
৫। ২০২৫ সালের মধ্যে ট্রেন চলবে বরিশালে : সংসদে রেলমন্ত্রী
৬। কৃষির উন্নয়নে অংশীদার হতে আগ্রহী ডেনমার্ক
৭। খেলাপি ঋণ যাচাইয়ে বিশেষ অডিট : অর্থমন্ত্রী
৮। শিক্ষার উন্নয়নে প্রশিক্ষণকে কাজে লাগাতে হবে : শিক্ষামন্ত্রী
৯। দেশীয় পরিবেশবান্ধব ব্যাটারি শিল্প কারখানার স্বার্থরক্ষায় সরকার সর্বোচ্চ সহায়তা দেবে : শিল্পমন্ত্রী
১০। আগামী ১০ থেকে ১৬ মার্চ জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ
১১। শীঘ্রই পানগাঁও আইসিটি পুরোদমে পরিচালিত হবে : নৌপরিবহণ প্রতিমন্ত্রী
১২। একুশে ফেব্রুয়ারি উপলক্ষে কঠোর নিরাপত্তা : ডিএমপি কমিশনার
১৩। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিতে নির্বাচনে সহিংসতা এড়াতে নজরদারি ইসির
১৪। ঢাকার বেশিরভাগ এলাকায় গ্যাস থাকবে না আজ
বঙ্গভন, গণভবনেও সরবরাহ বন্ধ থাকবে

চলমান পাতা-২

১। **গণমাধ্যম যেন মালিকের স্বার্থে ব্যবহার করা না হয় : রাষ্ট্রপতি**

বিভিন্ন ব্যবসায়ী গোষ্ঠীর মালিকানায় থাকা গণমাধ্যম প্রতিষ্ঠানগুলোকে যাতে মালিকের স্বার্থে ব্যবহার করা না হয়, তা নিশ্চিত করতে বলেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেন, দেশের বড় বড় ব্যবসায়ী গ্রুপ এখন অনেক গণমাধ্যম প্রতিষ্ঠানের মালিক। এটা নিঃসন্দেহে গণমাধ্যমের বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বেসরকারিখাতের এ উদ্যোগকে আমি স্বাগত জানাই। তবে একইসঙ্গে এটাও মনে রাখতে হবে, এসব গণমাধ্যম যাতে ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বার্থে ব্যবহৃত না হয়। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

২। **আমিরাতের প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্সের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক**
**বিনিয়োগ ও শ্রমবাজার খোলার আশ্বাস আমিরাতের**

সংযুক্ত আরব আমিরাত বাংলাদেশে বড় পরিসরে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে আমিরাতের প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্সের পৃথক দ্বিপক্ষীয় বৈঠকে এ বিষয়ে আশ্বাস দিয়েছেন তাঁরা। একইসঙ্গে বাংলাদেশিদের জন্য শ্রমবাজার খুলে দেওয়ার বিষয়টিও তাঁরা বিশেষভাবে বিবেচনা করার কথা বলেছেন। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) সকালে আবুধাবি এক্সিবিশন সেন্টারে এ বৈঠক হয়। বৈঠকের পর পররাষ্ট্র সচিব শহীদুল হক ও প্রেস সচিব ইহসানুল করিম আলোচনার বিষয়বস্তু সম্পর্কে সাংবাদিকদের ব্রিফ করেন। ইউএই'র প্রধানমন্ত্রী ও দুবাইয়ের শাসক শেখ মোহাম্মাদ বিন রাশিদ আল মাকতুম ও ক্রাউন প্রিন্স শেখ মোহাম্মাদ বিন জায়েদ আল নাহিয়ান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে বিনিয়োগ ও শ্রমবাজার খোলার বিষয়ে আশ্বাস দিয়েছেন। বাংলাদেশকে বিনিয়োগের একটা বড় নতুন ক্ষেত্র হিসেবে চিহ্নিত করেছেন তাঁরা। ক্রাউন প্রিন্সের সঙ্গে বৈঠকের সময় ১৯৭৪ সালে বঙ্গবন্ধু আবুধাবি সফরের সময় ইউএই'র প্রতিষ্ঠাতা ও প্রথম প্রেসিডেন্ট এবং আবুধাবির শাসক প্রয়াত শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ানের সঙ্গে তোলা বঙ্গবন্ধুর একটি দুর্লভ ছবি প্রধানমন্ত্রী তাঁকে উপহার দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৩। **সার ও গম আমদানিসহ সাত ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

বিদেশ থেকে ৭৫ হাজার মেট্রিক টন সার ও ৫০ হাজার টন গম আমদানিসহ সাতটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এতে ব্যয় হবে ৭৪২ কোটি টাকা। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)।

৪। **কাঁচপুর থেকে মেঘনা ব্রিজ পর্যন্ত ধীরগতির যানবাহনের জন্য বাইলেন নির্মাণের পরিকল্পনা : সংসদে সেতুমন্ত্রী**

কাঁচপুর ব্রিজ থেকে মেঘনা ব্রিজ পর্যন্ত চার লেন বিশিষ্ট মহাসড়কের পাশে ধীরগতির যানবাহনের জন্য বাইলেন নির্মাণের পরিকল্পনা নিয়েছে সরকার। বর্তমানে এ কাজের জরিপ চলমান। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৫। **২০২৫ সালের মধ্যে ট্রেন চলবে বরিশালে : সংসদে রেলমন্ত্রী**

রেলপথ মন্ত্রী নুরুল ইসলাম সুজন সংসদকে জানিয়েছেন, বরিশাল জেলাকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে ভাঙ্গা থেকে বরিশাল হয়ে পায়রা সমুদ্র বন্দরপর্যন্ত রেলপথ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিশদ নকশা প্রণয়নসহ সম্ভাব্যতা সমীক্ষায় প্রস্তাবিত ও চূড়ান্তভাবে অনুমোদিত এলাইনমেন্ট অনুযায়ী বিনিয়োগ প্রকল্প গ্রহণ করে বরিশাল জেলাকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনা হবে। ২০২৫ সাল নাগাদ ঢাকা থেকে পদ্মাসেতু হয়ে বরিশালের পায়রা বন্দরপর্যন্ত রেলসংযোগ স্থাপিত হবে। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৬। **কৃষির উন্নয়নে অংশীদার হতে আগ্রহী ডেনমার্ক**

বাংলাদেশের কৃষির উন্নয়নে অংশীদার হতে আগ্রহী ডেনমার্ক। এছাড়া বাংলাদেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্য উন্নয়ন সহযোগিতা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত উইনি ইস্টারপ পিটারসেন। সচিবালয়ে গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) কৃষি মন্ত্রণালয়ে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাকের সঙ্গে সৌজন্যসাক্ষাতে এসব কথা বলেন ডেনমার্কের রাষ্ট্রদূত। বৈঠকে কৃষিমন্ত্রী বলেন, স্বাধীনতার পর ডেনমার্ক আমাদের দেশের উন্নয়ন সহায়তায় অংশ নিয়েছে। দেশটির সঙ্গে কৃষি, পর্যটনখাতের মতো বিভিন্ন ক্ষেত্রে দুটি দেশের মধ্যে পারস্পারিক সহযোগিতার সুযোগ রয়েছে। ভবিষ্যতে দেশটির সঙ্গে সম্পর্ক আরো জোরদার হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৭। **খেলাপি ঋণ যাচাইয়ে বিশেষ অডিট : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তাফা কামাল বলেছেন, খেলাপি ঋণ ব্যাংকের বড় সমস্যা। ঋণগুলো কীভাবে খেলাপি হলো তা যাচাই করতে শীঘ্রই বিশেষ অডিটের ব্যবস্থা করা হবে। এদিকে, নতুন ব্যাংক অনুমোদন প্রসঙ্গে তিনি বলেন, কেন্দ্রীয় ব্যাংক প্রয়োজনীয়তা দেখছে বলেই হয়ত অনুমোদন দিয়েছে। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকের আগে তিনি সাংবাদিকদের সঙ্গে নতুন ব্যাংক ও খেলাপি ঋণ নিয়ে কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫),**যুগান্তর** (পৃ.১,ক.৪), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

৮। **শিক্ষার উন্নয়নে প্রশিক্ষণকে কাজে লাগাতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষার উন্নয়নে প্রশিক্ষণকে ভালোভাবে কাজে লাগাতে হবে। নতুন নতুন উদ্ভাবনে প্রশিক্ষণের জ্ঞান ব্যবহার করতে হবে। তিনি বলেন, শিক্ষার উদ্দেশ্য নৈতিকতাবোধসম্পন্ন ভালো মানুষ তৈরি করা। ইতিহাস ঐতিহ্য সম্পর্কে সচেতনতাবোধ তৈরি করা। প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে এসব বিষয় শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিতে হবে। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) মিলনায়তনে বসন্তবরণ ও পিঠা উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

৯। **দেশীয় পরিবেশবান্ধব ব্যাটারি শিল্প কারখানার স্বার্থরক্ষায় সরকার সর্বোচ্চ সহায়তা দেবে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, দেশীয় পরিবেশবান্ধব ব্যাটারি শিল্প কারখানার স্বার্থরক্ষায় সরকার সর্বোচ্চ সহায়তা দেবে। পাশাপাশি বেআইনিভাবে গড়ে ওঠা ব্যাটারি উৎপাদনকারী কারখানাগুলোর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। সরকার ইতোমধ্যে এ শিল্পখাতের উদ্যোক্তাদেরকে রপ্তানির ক্ষেত্রে ১৫ শতাংশ নগদ প্রণোদনা দিচ্ছে বলে তিনি জানান। শিল্পমন্ত্রী পরিকল্পিতভাবে ব্যাটারি উৎপাদন ও রিসাইক্লিংয়ের জন্য একটি জায়গা চিহ্নিত করে শিল্পজোন স্থাপনের বিষয়ে সুস্পষ্ট প্রস্তাব দিতে সমিতির নেতাদের পরামর্শ দেন। এর ভিত্তিতে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা দেবে বলে তিনি আশ্বাস দেন। গতকাল (১৫ ফেব্রুয়ারি সোমবার) শিল্প মন্ত্রণালয়ে ব্যাটারি প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির নেতাদের সঙ্গে বৈঠকে শিল্পমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইনকিলাব** (পৃ.৩,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

১০। **আগামী ১০ থেকে ১৬ মার্চ জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ**

প্রতি বছরের মতো এ বছরও আগামী ১০ থেকে ১৬ মার্চ জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০১৯' পালিত হবে ৩৭টি জেলায়। এ সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠান হবে ভোলা জেলার চরফ্যাসনে। মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরুর নেতৃত্বে অনুষ্ঠিত হবে নৌ র‍্যালি। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে জাটকা সংরক্ষণ সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত ইলিশ সম্পদ উন্নয়নসংক্রান্ত জাতীয় টাস্কফোসের এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। জাটকা সংরক্ষণ সপ্তাহের এবারের স্লোগান 'অবৈধ জাল ফেলবো না, জাটকা-ইলিশ ধরবো না'। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

১১। **শীঘ্রই পানগাঁও আইসিটি পুরোদমে পরিচালিত হবে : নৌপরিবহণ প্রতিমন্ত্রী**

শীঘ্রই পানগাঁও টার্মিনাল পুরোদমে পরিচালিত হবে এমন মন্তব্য করে নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, পানগাঁওকে লাভজনক বন্দরে পরিণত করতে ব্যবসায়ী, কাস্টমস বিভাগসহ সংশ্লিষ্টদের সমন্বয়ে কাজ করতে হবে। টার্মিনালকে সামনের দিকে এগিয়ে নিতে সমস্যাগুলো চিহ্নিত করে সেগুলো সমাধান করা হবে। পানগাঁও টার্মিনালকে কর্মচাঞ্চল্য হিসেবে গড়ে তুলতে এর সুযোগ সুবিধা বৃদ্ধি করা হবে। তিনি বলেন, অর্থনৈতিক ও সেবার বিষয়টি লক্ষ্য রেখেই পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল (আইসিটি) নির্মিত হয়েছে এবং ব্যবসায়ীসহ সংশ্লিষ্টরা এর উপকারিতা ভোগ করছে। নৌপরিবহণ প্রতিমন্ত্রী গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) কেরানীগঞ্জে পানগাঁও আইসিটি পরিদর্শন ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৩)।

১২। **একুশে ফেব্রুয়ারি উপলক্ষে কঠোর নিরাপত্তা : ডিএমপি কমিশনার**

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কঠোর নিরাপত্তা বলয় তৈরি করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো আছাদুজ্জামান মিয়া। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত ডিএমপি কর্তৃক এক সমন্বয় সভায় তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১৩। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিতে নির্বাচনে সহিংসতা এড়াতে নজরদারি ইসির**

ঢাকা উত্তর সিটির মেয়র পদে উপনির্বাচনে এবং ঢাকার দুই সিটিতে সম্প্রসারিত ওয়ার্ডগুলোতে নির্বাচনে বড় ধরনের কোনো সহিংসতার আশঙ্কা করছে না আইনশৃঙ্খলাবাহিনী। তবে যে কোনো সহিংসতা এড়াতে নজরদারি করতে আইনশৃঙ্খলাবাহিনীকে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। দুই সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) ইসিতে আয়োজিত আইনশৃঙ্খলা সংক্রান্তসভায় এ নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**১৪। ঢাকার বেশিরভাগ এলাকায় গ্যাস থাকবে না আজ**
**বঙ্গভন, গণভবনেও সরবরাহ বন্ধ থাকবে**

রাজধানী ঢাকার বেশিরভাগ এলাকায় আজ (১৯ ফেব্রুয়ারি মঙ্গলবার) সন্ধ্যা ৬টা থেকে আগামীকাল বুধবার সকাল ৬টা পর্যন্ত গ্যাস সরবরাহ বন্ধ থাকবে। গ্যাস সিস্টেমের ও পাইপলাইনের রক্ষণাবেক্ষণ, ক্রটি মেরামত এবং মেট্রোরেলের কাজের জন্য এ সময় গ্যাস সরবরাহ বন্ধ থাকবে বলে জানিয়েছে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যাণ্ড ডিস্ট্রিবিউশন কোম্পাানি। গতকাল (১৮ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীতে তিতাস গ্যাসের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক, যায়যায়দিন :** যানজটের শহর হিসাবে বিশ্বে প্রথম এবং সময় অপচয় ও ট্রাফিক অদক্ষতা সূচকেও শীর্ষে রয়েছে ঢাকা এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠায় নজর দেওয়ার সুপারিশ।

**খ.** **সমকাল :** উচ্চ ও নিম্ন আদালতে মাত্র এক বছরে দুই লাখ ১৫ হাজারের বেশি নতুন মামলা অনিস্পন্ন রয়ে গেছে উল্লেখ করে আইনের শাসন প্রতিষ্ঠায় দ্রুত মামলাজট কমিয়ে আনার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যুগান্তর :** ঋণখেলাপিদের ব্যাপারে সোচ্চার হয়েছে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই উল্লেখ করে ঋণ খেলাপিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

**ঘ.** **ভোরের কাগজ, সমকাল, যায়যায়দিন ইন্ডিপেনডেন্ট, অবজারভার :** চট্টগ্রামের কর্ণফুলী নদীতীরে একটি বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডে দুই পরিবারের সাতজনসহ আটজন জীবন্ত দগ্ধ হয়ে মারা গেছেন এ খবরে উদ্বেগ প্রকাশ করে অগ্নিকাণ্ডের কারণ উদঘাটন করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঙ.** **ইনকিলাব :** রাজধানীতে যেকোনো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের আগে একটি সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে হবে যাতে জনসাধারনের চলমান সুযোগ-সুবিধা অক্ষুণ্ণ থাকে।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** ফেনী সদর, দাগনভুঁইঞা এবং ফুলগাজী উপজেলার কৃষকরা রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার না করে সবজির বাম্পার ফলন ঘটানোর কথা উল্লেখ করে এ দৃষ্টান্ত দেশের অন্যান্য অঞ্চলেও অনুসরণের আহ্বান।

**ছ.** **বাংলাদেশ টুডে :** দরিদ্র প্রবীণ নাগরিকদের বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি গণতান্ত্রিক রাষ্ট্রের জন্য জাতীয় সংসদের গুরুত্ব অপরীসীম।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'ভাষা আন্দোলন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত শুদ্ধরূপে বাংলা ভাষা লেখা ও বলার চর্চা করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা